ট্রাভেল ব্রীজ সিন্ডিকেট এজেন্সী নবায়ন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল শুনানীর আদেশনামা

আপীল নং-১১২/২০২১

তারিখঃ ০২/১১/২০২১

| আদেশের ক্রমিক নং ও তারিখ | আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর | আদেশের উপর গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| ২৬/১২/২০২১ | অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী জনাব সিরাজ উদ্দিন আহমেদ পক্ষে জনাব হুমায়ন কবির সরকার, ম্যানেজার, ট্রাভেল ব্রীজ সিন্ডিকেট, ১২৮, মতিঝিল বা/এ, ঢাকা হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। যা রেকর্ড করা হলো। আপীলকারীর প্রতিনিধি জানান যে, এজেন্সীটির নবায়ন আবেদনের মেয়াদ উর্ত্তীণের তারিখ ছিল ৩১/১০/২০১৯ এবং এজেন্সীটি নবায়ন আবেদন দাখিল করা হয় ২১/১০/২০২১ তারিখে। তাঁর এজেন্সী নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে ২৬/১০/২০২১ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদনটি বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ০২/১১/২০২১ তারিখে ১১২/২০২১ নং আপীল দায়ের করেন। "বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন আবেদন বাতিলাদেশের পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে। তিনি বিধি অনুযায়ী আবেদন বাতিলাদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন।<br><br>**বিচার্য বিষয়াবলী:**<br><br>(ক) আপিলকারী বর্ণিত যথাসময়ে নবায়নের আবেদন দাখিল করতে না পারার কারণসমূহ যুক্তিযুক্ত কিনা?<br>(খ) নিবন্ধন কর্তৃপক্ষের আদেশটি ন্যায়সঙ্গা কিনা?<br>(গ) আপিলকারী প্রতিকার পাওয়ার হকদার কিনা?<br><br>**আপিলকারীর বক্তব্যে :** শুনানীর সময় এজেন্সীর মালিকের প্রতিনিধি জানান যে, আমার মালিক কোভিডে আক্রান্ত হওয়ায় কারণে যথাসময়ে নবায়নের আবেদন দাখিল করতে পারেননি। তিনি একজন মুক্তিযোদ্ধা। আমরা এখন এজেন্সীটি নবায়ন করতে ইচ্ছুক। এছাড়া আপীলকারীর প্রতিনিধি নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্রাদি প্রদর্শন করেন।<br><br>**পর্যালোচনা, সিদ্ধান্ত এবং সিদ্ধান্তের কারণসমূহ :**<br><br>(ক) আপীলকারী বক্তব্যে পর্যালোচনা দেখা জানা যায় যে, ট্রাভেল ব্রীজ সিন্ডিকেট এজেন্সীটির নিবন্ধন আবেদনের মেয়াদ উর্ত্তীণের তারিখ ছিল ৩১/১০/২০১৯ এবং এজেন্সীটি নবায়ন আবেদন দাখিল করেছেন ২১/১০/২০২১ তারিখে। "বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ৭(২) ধারায় এবং " বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর ৫(১) বিধি অনুসারে নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অন্যূন ৬০(ষাট) দিন পূর্বে নবায়নের আবেদন দাখিল করতে হয়। অথচ আপীলকারী নির্ধারিত সময়ে চেয়ে প্রায় ০১(এক) বছর ১১(এগারো) মাসের অধিক বিলম্বে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নবায়নের আবেদন দাখিল করেন। এছাড়া আপীলকারীর প্রতিনিধি বাতিলাদেশের বিরুদ্ধে কোন যুক্তিসংগত কারণ উপস্থাপন করতে পারেননি। তাই আপীলকারী যুক্তিটি যথাযথ নয়।<br><br>(খ) বিলম্বে আবেদন করার বিষয়ে আপীলকারী উল্লেখযোগ্য কারণ প্রদর্শনে ব্যর্থ হন। তাই নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন আবেদন বাতিলাদেশ যথাযথ হয়েছে মর্মে প্রতিয়মান হয়। | |

অ:পৃ:দ্র:

(গ) বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারার বর্ণনা মোতাবেক আইনের ৭ ধারার উপধারা ৩(খ) এর অধীন নিবন্ধন আবেদন না মঞ্জুর হলেই আপিল দায়ের করা যায়। আইনের (২০২১ সালের সংশোধনীর পূর্বে) ৭(৩) ধারা মোতাবেক দাখিলকৃত কাগজপত্রাদি ও তথ্যাদির বিষয়ে নিবন্ধন কর্তৃপক্ষ ন্যায় বিচার না করলে আপিল কর্তৃপক্ষ ন্যায় বিচারের স্বার্থে আদেশ প্রদান করতে পারেন। কিন্তু আপীলকারী নির্ধারিত সময়ে নবায়ন আবেদন দাখিল না করলে এ ধরণের কোনো সুযোগ পেতে পারেন না। তাই আপিলকারী এ আপিলে প্রতিকার পাওয়ার হকদার নয়। অতএব আদেশ হলো যে;

**আদেশ**

বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারা এবং " বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর বিধি ১১(২) এর বিধান অনুযায়ী ১১২/২০২১ নং আপীল আবেদনটি "নামঞ্জুর" পূর্বক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ২৬/১০/২০২১ তারিখের নিবন্ধন আবেদন বাতিলের আদেশটি বহাল রাখা হল। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

স্বাক্ষরিত/-২৬/১২/২০২১
এ.এইচ.এম. গোলাম কিবরিয়া
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন ও পর্যটন) ও আপীল কর্তৃপক্ষে এর দপ্তর

নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.১১২.২০২১- ৬৮২ তারিখ: ২৮/১২/২০২১

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভগ, স্বরাষ্ট মন্ত্রণালয়/প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।
৩) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৪) যুগ্ম-সচিব(নিবন্ধন কর্তৃপক্ষ),বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) জেলা প্রশাসক, ঢাকা।
৬) উপসচিব(পর্যটন-৩ শাখা, রুটিন দায়িত্ব), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৮) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)।
৯) অতিরিক্ত সচিব (আপীল কর্তৃপক্ষ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১০) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০।
১১) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।
১২) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ-----------------------------------
১৩) জনাব সিরাজ উদ্দিন আহমেদ, স্বত্বাধিকারী, ট্রাভেল ব্রীজ সিন্ডিকেট, ১২৮, মতিঝিল বা/এ, ঢাকা।

(শ্যামলী নবী) ২৮/১২/২০২১
উপসচিব
পর্যটন-৩ শাখা (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৯৫৪০৮৩৯
ই-মেইল: dstourism3@mocat.gov.bd